BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/১৪৩ তারিখঃ ১৮/০৬/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ** অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ারের নাম সংযোজন প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬০৬, তারিখ: ১৫/০৬/২০২৩।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অন্য প্রতিষ্ঠানের BIN নাম্বার ব্যবহার করে জালিয়াতির মাধ্যমে পণ্য খালাস প্রক্রিয়া বন্ধ করা, রপ্তানি প্রক্রিয়া সহজ করা এবং রপ্তানি প্রক্রিয়ার সময় হ্রাস করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট দাখিলকরনের ক্ষেত্রে বিল অব এক্সপোর্টে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ারের নাম সংযোজন সংক্রান্ত ডেভেলপমেন্ট সম্পন্ন করেছে।

জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মতে আগামী ২৫.০৬.২০২৩ইং তারিখ হতে আমদানি-রপ্তানিতব্য পণ্যের বিপরীতে দাখিলকৃত বিল অব এন্ট্রি/এক্সপোর্টের ১৮ ও ২১ নং ঘরে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ারের নাম সংযোজন করতে হবে। এ সংক্রান্ত কার্যক্রম সহজীকরনের লক্ষ্যে সংশ্লিষ্ট রপ্তানিকারককে রপ্তানির পূর্বেই তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নাম সম্পর্কে অবহিত করতে হবে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত স্মারকটি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

**[কাস্টমসঃ অটোমেশন শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬০৬ তারিখ: ১৫.০৬.২০২৩ খ্রি.

**বিষয়: অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা সিস্টেমের মাধ্যমে রপ্তানি প্রক্রিয়া সহজ করা, রপ্তানিকৃত পণ্যের বিষয়ে নিশ্চিত হওয়া, মানি লন্ডারিং প্রতিহত করা, রপ্তানি প্রক্রিয়ার সময় হ্রাস করা এবং সর্বোপরি নির্ভরযোগ্য রপ্তানি পরিসংখ্যান নিশ্চিতকরণের লক্ষ্যে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (ইজিএম) মডিউল বিভিন্ন কাস্টমস স্টেশনে বাস্তবায়িত হয়েছে। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট সহজভাবে দাখিলকরণের লক্ষ্যে বিল অব এক্সপোর্টে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন সংক্রান্ত ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে এবং এ সংক্রান্ত প্রশিক্ষণ সকল অংশীজনদের প্রদান করা হয়েছে।

০২। উল্লেখ্য, আগামী ২৫.০৬.২০২৩ খ্রি. তারিখ হতে আমদানি-রপ্তানিতব্য পণ্যের বিপরীতে দাখিলকৃত বিল অব এন্ট্রি/এক্সপোর্টের ১৮ ও ২১ নং ঘরে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন করতে হবে। এ সংক্রান্ত কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট রপ্তানিকারককে রপ্তানির পূর্বেই তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সম্পর্কে অবহিত করতে হবে।

০৩। এমতাবস্থায়, আপনার দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকল অংশীজনদের অবহিত করা এবং ইজিএম পরিপূর্ণভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

15.06.2023
[রাকিবুল হাসান]
প্রথম সচিব (কাস্টমসঃ অটোমেশন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ই-মেইল- ss.asycuda@gmail.com

**কার্যার্থে:**

১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও;
২-১২। কমিশনার, কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর;

**অনুলিপি:**

১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম/ঢাকা (উত্তর);
৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
৫। পিএ-টু সদস্য (কাস্টমসঃ নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। পিএ-টু সদস্য (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

E:\Asycuda\Letters\ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন.docx

CamScanner

## অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন বিষয় নির্দেশিকা

১. অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টের ১৮ নম্বর বক্স ক্যারিয়ার কোডে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার্স অথবা এয়ারলাইন্স এর Agent Identification Number (AIN) সঠিকভাবে প্রদান করতে হবে;

২. ১৮ নম্বর বক্সে সঠিকভাবে ক্যারিয়ার কোড ইনপুট দেয়া সাপেক্ষে ২১ নম্বর বক্সে ক্যারিয়ার নেম স্বয়ংক্রিয়ভাবে প্রতিফলিত হবে। ল্যান্ড কাস্টমস স্টেশনসমূহের ক্যারিয়ার কোডের ক্ষেত্রে স্ব স্ব দপ্তরের মেনিফেস্ট কোড সংযোজন করতে হবে।

৩. ১৮ নম্বর বক্সে মাউসের কারসর রেখে F3 প্রেস করলে ক্যারিয়ার কোড এবং ক্যারিয়ার নেম দ্বারা সার্চ করা যাবে।

ASYCUDA

A BILL OF EXPORT

| | |
|---|---|
| 2 Consignor/Exporter — BIN: 003520709-0502<br>Paxar Bangladesh Limited<br>Building No 24, Plot 30 (B), Korean<br>Export Processing Zone (KEPZ);<br>Karnafuli PS; Chittagong-4376;<br>TIN:275175760439 | 1 DECLARATION: EX 1 — 303 Office Code: Chattogram Export Processing Zone<br>Registration<br>3 Page: 1 2 — 4 N/A — Manifest 2023 301 4<br>5 Items: 3 — 6 Tot pack.: 3.00 — 7 Agent Reference number: 2023 |
| 8 Consignee/Importer — BIN:<br>PACIFIC UNIVERSAL<br>CHINA | 9 N/A: -3<br>10 N/A — 11 N/A — 12 Tot. Other Costs: 0.00 — 13 N/A |
| 14 Declarant/Agent — AIN: 301154117<br>M N ENTERPRISE<br>601 KHAN BUILDING 2ND FL. SK MUJIB<br>ROAD AGRABAD CHITTAGONG | 15 Country of export: China — 15 C. E. Code: a CN b — 17 C. D. Code: a b<br>16 Country of origin: Bangladesh — 17 Country of destination |
| 18 Carrier Code: 301002886 — BD — 19 CF | 20 Delivery terms: CFR |
| 21 Carrier Name: MUTUAL SHIPPING LIMITED — BSTI — N.Cash | 22 Cur. Total Invoice Value: USD 63,969.29 — 23 Exch. rate: 106.3186 — 24 Nature of transac.: 0 0 |
| 25 MOT: 3 — 26 MOT: Domestic — 27 Place of loading: BDCPZ Chittagong EPZ | 28 Financial and banking data — Bank Code 005<br>Branch 00000333 — LC No<br>Bank Name Sonali Bank Limited<br>Sector & Fund Src 012 — Commercial Cash |
| 29 Office of exit: 303 Chattogram Export Proce — 30 Location of goods: 303CEPZ | |

E:\Asycuda\Letters\ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন.docx

CS CamScanner